

১০/০২/২০২২ তারিখ রাত ৮.০০টায় অনুষ্ঠিত উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী :


উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের ৩য় সভা ১০/০২/২০২২ তারিখ রাত ৮.০০টায় অন-লাইন প্ল্যাটফর্ম জুমে অনুষ্ঠিত হয়। উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের আহ্বায়ক ড. ইসতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় ইনোভেশন টিমের সদস্য ড. মো. মিজানুর রহমান, সহযোগী অধ্যাপক, অণুজীব বিজ্ঞান বিভাগ, জনাব ইমাম হোসেন রাজা, সিস্টেম এ্যাডমিনিস্ট্রেটর, আইসিটি সেল উপস্থিত ছিলেন। এছাড়াও আমন্ত্রণক্রমে এপিএ ফোকাল পয়েন্ট ও ডেপুটি রেজিস্ট্রার জনাব রাজিব মাহমুদ সামিম পারভেজ, আইসিটি সেলের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আসিফ হোসেন খান এবং আইসিটি সেলের কম্পিউটার প্রোগ্রামার জনাব মো. সাদিক সরোয়ার উপস্থিত ছিলেন।

সভার শুরুতে পূর্ববর্তী সভার ধারাবাহিকতায় সভার সভাপতি অধ্যাপক ইসতিয়াক এম সৈয়দ উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের বিভিন্ন বিষয়াদি উপস্থাপন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম শ্রেণীর ১ম শ্রেণীর (৯ম গ্রেড) [শিক্ষক-কর্মকর্তা] নিয়োগে আবেদন সংক্রান্ত যাবতীয় বিষয়গুলো DU Apps -এ সংযুক্ত করা, পেমেন্ট গেইটওয়ে চূড়ান্ত করা, ট্রান্সক্রিপ্ট প্রাপ্তি/উত্তোলনের প্রক্রিয়াটি সম্পূর্ণভাবে অনলাইন ভিত্তিক করা, DU Apps/web site -এ নতুন ফিচার/এপ্লিকেশন সংযুক্ত করা ইত্যাদি বিষয়ে আইসিটি সেলের ভূমিকা/অংশগ্রহণ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।

আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সুপারিশ সমূহ গ্রহণ করা হয় :

- (১) পেমেন্ট গেইটওয়ে চূড়ান্ত করণের বিষয়টি নিয়ে কেন্দ্রীয় ভর্তি অফিসের আহ্বায়কের সাথে আলোচনা করা
- (২) ট্রান্সক্রিপ্ট গ্রহণ/উত্তোলন সেবা সম্পূর্ণভাবে অনলাইন করা বিষয়ে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে আলোচনা করা

পরিশেষে কমিটির আহ্বায়ক ও সভার সভাপতি ড. ইসতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।



ড. ইসতিয়াক এম সৈয়দ

অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢা.বি. ও

আহ্বায়ক, উদ্ভাবনী ধারণা/ ইনোভেশন টিম